

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ

স্মারক নং-১০৭৩/২০২৩ এসসি (এডি)

তারিখঃ ২৮/০৩/২০২৩ খ্রিঃ

‘প্রটোকল অফিসার’, ‘গণসংযোগ কর্মকর্তা’ ও ‘প্রধান বিচারপতির সহকারী একান্ত সচিব’ পদে নিয়োগ
পরীক্ষা, ২০২২

লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

- ১। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ‘প্রটোকল অফিসার’ পদের লিখিত পরীক্ষা (প্রাথমিক বাছাই পরীক্ষায় উত্তীর্ণ ১০২ জনের) আগামী ০৮/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের নির্বাচিত এজলাস কক্ষে অনুষ্ঠিত হবে।
- ২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের ‘গণসংযোগ কর্মকর্তা’ এবং ‘প্রধান বিচারপতির সহকারী একান্ত সচিব’ পদের লিখিত পরীক্ষা (যথাক্রমে ১৪৪ জন ও ১৭৫ জন প্রার্থীর) আগামী ০৯/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের নির্বাচিত এজলাস কক্ষে অনুষ্ঠিত হবে।
- ৩। পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে আগামী ০৫/০৪/২০২৩ খ্রিঃ তারিখে প্রদর্শন করা হবে।
- ৪। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :
 - (ক) পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাতঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
 - (খ) পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়া ও যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।
 - (গ) প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
 - (ঘ) সকাল ০৯:০০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না এবং পরীক্ষা শুরুর ০১ (এক) ঘন্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীই পরীক্ষা হল/কক্ষ ত্যাগ করতে পারবেন না।
 - (ঙ) পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

স্বাক্ষরিত/-

(শেখ মোহাঃ আমীনুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার
আপীল বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট